দৈনিক
জনকণ্ঠ

তারিখ 24 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# চার মেডিক্যাল কলেজকে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার নির্দেশ

রাজধানীর চারটি মেডিক্যাল কলেজের জমি নিবন্ধনসহ পরিচালনার নীতিমালা প্রতিপালনের প্রয়োজনীয় কাগজপত্র পরবর্তী ১৫ দিনের মধ্যে অধিদফতরে জমা দেয়ার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। খবর বাসসর।

কলেজগুলোর মধ্যে রয়েছে, রাজধানীর বাংলাদেশ মেডিক্যাল কলেজ, পপুলার মেডিক্যাল কলেজ, উত্তরা আধুনিক মেডিক্যাল কলেজ এবং উত্তরা উইমেন্স মেডিক্যাল কলেজ। রবিবার সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে বেসরকারী মেডিক্যাল কলেজ নীতিমালাসংক্রান্ত এক বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বৈঠকে সভাপতিত্ব করেন। পরবর্তী ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় এই সকল কাগজপত্র দাখিল করতে না পারলে প্রতিষ্ঠানগুলোর একাডেমিক কার্যক্রম বন্ধ করে দেয়া হবে।

বৈঠকে স্বাস্থ্য অধিদফতরের পরিচালকের (চিকিৎসা শিক্ষা) নেতৃত্বে বেসরকারী কলেজ কার্যক্রম পরিদর্শন কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে অন্য বেসরকারী মেডিক্যাল কলেজসমূহ পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন স্বাস্থ্যমন্ত্রী।

প্রতিবেদন দাখিলের পর কলেজগুলোর একাডেমিক কার্যক্রমের বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত নেয়া হবে বলে সভায় জানানো হয়।